

ডিডি, ডিএই, মুন্সিগঞ্জ

ডেপুটি/এডিডি(শস্য/পশু/উদ্যান)

প্রধান: মহাপরি/স্টেনো/স্টোরিকিপার/কম্পিউটার

উন্নয়ন শাখা/বন্যাশয়

নং: ১৭৬, তারিখ: ১৬/০৬/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষিসম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিনউইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd

কৃষিসমৃদ্ধি

স্মারকনং- ১২.১০.০০০০.১৬৬.৯৯.০০৪.১৯. ৭০৭৩ (৬)

তারিখ: ১২/০৮/২০২৪ খ্রি.

বিষয়: চলমান খরিফ-২ মৌসুমে কৃষি সম্প্রসারণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে রোপা আমন আবাদ ও আউশ কর্তন চলমান রয়েছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য নিম্নলিখিত কার্যক্রমে অধিকতর গুরুত্ব প্রদান করা আবশ্যিক।

১. রোপা আমনে উফশী ও হাইব্রিড জাতের ব্যবহার বৃদ্ধিকরণ। রোপা আমনে সকল প্রযুক্তির ব্যবহার নিশ্চিত তৎপর হতে হবে। প্রয়োজনবোধে রোপা আমনে সম্পূরক সেচের ব্যবস্থা রাখতে হবে।
২. আউশের সকল জাতের নমুনা শস্যকর্তন নিতে হবে। প্রণোদনায় প্রদত্ত আউশেরও নমুনা শস্যকর্তনের ওহিসাব রাখতে হবে।
৩. গ্রীষ্মকালীন পিয়াজ আবাদে কার্যকর ডুমিকা পালন করতে হবে। পারিবারিক চাহিদা মেটানোর জন্য টবে এবং ছাদে পিয়াজ চাষাবাদে উৎসাহিত করতে হবে।
৪. পারিবারিক পুষ্টি চাহিদা মেটানোর জন্য মূল জমির বাহিরেও বসতবাড়ির আশেপাশে এবং টবে উফশী, বারমাসি এবং হাইব্রিড জাতের মরিচ আবাদে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে।
৫. মসলার ঘাটতি পূরনে ছাঁয়াযুক্ত জায়গায়, বস্তা (সিমেন্টের হাফ বস্তা) এবং টবে আদা, হলুদ চাষে উদ্বুদ্ধ করতে হবে।
৬. পারিবারিক পুষ্টি বাগানসমূহে যাতে সবসময় মৌসুমভিত্তিক প্রচলিত ও অপ্রচলিত শাকসবজি ও ফসল থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
৭. সকল প্রকল্পের নির্ধারিত কার্যক্রম (প্রদর্শনী, প্রশিক্ষণ ও মাঠ দিবস) সময়মত সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।
৮. প্রণোদনা পূর্ববাসন কার্যক্রম রোডম্যাপ অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।
৯. মাঠে দন্ডায়মান খরিফ-১ এবং খরিফ-২ এর সকল ফসলের নিয়মিত অতন্দ্র জরিপ করাসহ রোগ ও পোকামাকড় দমনে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
১০. কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক ইত্যাদি) চাহিদা মাফিক সরবরাহ, মজুত পরিস্থিতি নিয়মিত মনিটরিং করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
১১. অঞ্চলভেদে আগাম রবি শস্য আবাদে পরিকল্পনাসহ প্রস্তুতি নেয়া যেতে পারে।
১২. বাজারে কৃষি পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনবোধে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
১৩. চাহিদা মাফিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৪. সার্বক্ষণিক কৃষকের পাশে থেকে কৃষি বিভাগের কাজিত সেবা প্রদান করে ধারাবাহিকভাবে খাদ্যনিরাপত্তা বজায় রাখতে হবে।

১২/০৮/২৪

মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী
পরিচালক

ফোনঃ ৫৫০২৮৪০৩
২২.৬.২৪

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-----অঞ্চল (সকল)।
২. উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-----জেলা (সকল)। (উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মুন্সিগঞ্জ।

স্মারক নং:- ১২.১৭.৫৯০০.০৪১.১৬.০৪৭.২৪/ ২১৮০ (৬)

তারিখ: ১৩/৮/২০২৪ খ্রি.

জ্ঞাতার্থে ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

উপজেলা কৃষি অফিসার (সকল), মুন্সিগঞ্জ। বর্নিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।

১৩/৮/২৪

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
মুন্সিগঞ্জ।